



মৌলভীবাজার সফরে যাচ্ছেন প্রধানমন্ত্রী তারেক রহমান



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমান বুধবার (১৭ জুন) মৌলভীবাজার সফরে যাচ্ছেন। সফরে তিনি শ্রীমঙ্গল ও মৌলভীবাজার সদরে ফ্যামিলি কার্ড কার্যক্রমের উদ্বোধন করবেন। পাশাপাশি একটি রাজনৈতিক সভায়ও অংশ নেওয়ার কথা রয়েছে।

নির্ধারিত কর্মসূচি অনুযায়ী, সকালে ঢাকা থেকে বিমানযোগে সিলেটে পৌঁছাবেন প্রধানমন্ত্রী। পরে সড়কপথে শ্রীমঙ্গলে গিয়ে দুপুর ১টায় ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় মাঠে আয়োজিত ফ্যামিলি কার্ড বিতরণ অনুষ্ঠানে যোগ দেবেন।

এরপর বিকেলে মৌলভীবাজার সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে আরেকটি ফ্যামিলি কার্ড বিতরণ কর্মসূচিতে অংশ নেবেন। দিনের শেষ কর্মসূচি হিসেবে বিকেল সাড়ে ৪টায় দুসাই রিসোর্টে আয়োজিত রাজনৈতিক সভায় উপস্থিত থাকবেন তিনি।

প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে জেলার বিভিন্ন এলাকায় রাজনৈতিক কর্মীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা গেছে। স্থানীয় নেতাকর্মীরা জানান, সভা ও অন্যান্য কর্মসূচিতে অংশ নিতে জেলার বিভিন্ন ইউনিয়ন থেকে প্রস্তুতি নেওয়া হচ্ছে।

মৌলভীবাজার জেলা প্রশাসক তোহিদুজ্জামান পাভেল বলেন, প্রধানমন্ত্রীর সফর উপলক্ষে প্রয়োজনীয় সব প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে।